



2020 জুন

প্রিয় পরিবারবর্গ,

শেখা অব্যাহত রাখা আর কল্পনাকে সুদূর প্রসারী করার জন্য গ্রীষ্মকালীন রিডিং অত্যন্ত গুরুত্বপূর্ণ! আমরা DOE পরিবারের সকল বয়সীদের জন্য এই গ্রীষ্মে আরো অধিক সংখ্যক ই-বুকস্ এবং অডিওবুকস্ দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত, এবং এগুলো এখন হাতে পাওয়া অত্যন্ত সহজ। অনুগ্রহ করে আরো তথ্যের জন্য বাকি অংশটুকু পড়ুন, এবং সোমবার, 29 জুন যে অতিরিক্ত তথ্য প্রকাশিত হবে তা দেখতে schools.nyc.gov/summerreading ভিজিট করুন।

সোরা (Sora)-এর মাধ্যমে বই পড়া!

ই-বুক রিডার সোরা (Sora)-এ 3K-12 গ্রেডের জন্য একাধিক ভাষায় শিক্ষার্থীরা নিজেরা এবং সহপাঠী শিক্ষার্থীরা কী পড়ছে তা দেখতে সহায়তা করতে সহস্র প্রকার বৈচিত্রময় রিসোর্স লভ্য রয়েছে। আপনার ডিভাইসে একটি অ্যাপ ডাউনলোড করতে অথবা ওয়েব ব্রাউজার দিয়ে সেগুলো পেতে পারেন। আপনাকে শুধুমাত্র আপনার শিক্ষার্থীর DOE ID দিয়ে লগ ইন করতে হবে; কোনো অতিরিক্ত সাইন আপ প্রয়োজন নেই। শুরু করতে অনুগ্রহ করে discoversora.com/nyc ভিজিট করুন।

আপনার শিক্ষার্থীর DOE লগ ইন পেতে সহায়তা লাগবে? [এখানে](#) ক্লিক করুন। যদি আপনি DOE-এর কাছ থেকে একটি আইপ্যাড পেয়ে থাকেন, সেটায় 1 জুলাইয়ের মধ্যে আপনাপনিভাবে সোরা অ্যাপটি ইনস্টল হয়ে যাবে!

বাড়তি ইবুক-এর শিরোনাম এবং নিউ ইয়র্ক সিটি লাইব্রেরি সিস্টেম দ্বারা প্রদানকৃত ড্যাটাবেস দেখতে আপনি galepages.com/nycdoe11 -সাইটটিও ভিজিট করতে পারেন। যেকোনো স্থান থেকে ইবুক এবং নিউ ইয়র্ক স্টেটের বাহির থেকে ড্যাটাবেস দেখতে পাবার জন্য, অনুগ্রহ করে ইউজারনেম ও পাসওয়ার্ডের জন্য libraries@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে যদিও কিছু রিসোর্স শুধুমাত্র ইংরেজিতে পাওয়া যাবে, আমরা অব্যাহতভাবে বাড়ির ভাষায় আরো বেশী রিসোর্স লভ্য করতে অব্যাহতভাবে কাজ করে যাব।



পাবলিক লাইব্রেরির রিসোর্সসমূহেরও সুযোগ নিন!

নিউ ইয়র্ক সিটি পাবলিক লাইব্রেরি সিস্টেম সকল DOE দ্বারা ইস্যুকৃত আইপ্যাড সহ, ইন্টারনেট সক্ষম ডিভাইসের মাধ্যমে টিউটরিং প্ল্যাটফর্ম ব্রেইনফিউজ (Brainfuse) দ্বারা ডিজিটাল রিসোর্স ও বিনামূল্যে ব্যবহারের সুযোগ প্রদান করছে।

- ব্রুকলিন পাবলিক লাইব্রেরি। ব্রুকলিন পাবলিক লাইব্রেরির ইকার্ড পাবার জন্য, Bklynlibrary.org সাইটে একটি ফর্ম পূরণ করুন।
- ব্রঙ্ক্স, ম্যানহাটান, এবং স্ট্যাটেন আইল্যান্ড-এ পরিষেবা প্রদানকারী নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি। নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির একটি ডিজিটাল কার্ড বিনামূল্যে পেতে পারেন সিমপ্লিই (SimplyE) অ্যাপ-এর মাধ্যমে, অনুগ্রহ করে NYPL.org ভিজিট করুন।
- কুইন্স পাবলিক লাইব্রেরি। কুইন্স পাবলিক লাইব্রেরির ইকার্ড পাবার জন্য, QueensLibrary.org সাইটে একটি ফর্ম পূরণ করুন।

আশা করছি প্রচুর পড়ার মাধ্যমে এই গ্রীষ্ম উপভোগ করবেন!

আন্তরিক শুভেচ্ছান্তে

লিন্ডা চেন (Linda Chen)
চিফ অ্যাকাডেমিক অফিসার